তারিখ : 03 OCT 2016
পৃষ্ঠা ৪ ... কলাম ... ২

সমকাল

# বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কারিগরি সহায়তায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছুদের আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে। গতকাল রোববার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ভর্তি অফিসে যৌথভাবে ভর্তিপ্রক্রিয়া উদ্বোধন করেন ঢাবির উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এসএম ইমামুল হক। এ সময় উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ড. একেএম মাহবুব হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয় অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ, অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্যসহ ভর্তি প্রক্রিয়ার সঙ্গে যুক্ত শিক্ষক ও কর্মকর্তারা।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ৩৪৫ আসনের জন্য ৩টি ইউনিটে ('ক', 'খ' ও 'গ') আবেদন গ্রহণ করা হবে। আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর রোববার রাত ১২টায়। 'ক' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৯ নভেম্বর বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত, 'খ' ইউনিটের পরীক্ষা ১৮ নভেম্বর সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত এবং 'গ' ইউনিটের পরীক্ষা একই দিন বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বিস্তারিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে।